JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/14/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেটের ইতিহাস সংরক্ষণ বোর্ড (STATE HISTORIC PRESERVATION BOARD) স্টেট এবং ন্যাশনাল রেজিস্টারের জন্য ঐতিহাসিক স্থানের ক্ষেত্রে 18টি মনোনয়নের কথা ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক বিভিন্ন ইতিহাসকে স্বীকৃতি দেওয়ার পথকে অব্যাহত রাখে

গভর্নর কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের ইতিহাস সংরক্ষণ বোর্ড (New York State Board for Historic Preservation) 18টি সম্পত্তি, সংস্থান এবং ডিসট্রিক্টকে স্টেট এবং ঐতিহাসিক স্থানের ন্যাশনাল রেজিস্টারে (State and National Registers of Historic Places) যুক্ত করার জন্য মনোনয়ন দিয়েছেন। মনোনয়নগুলি নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসের আকর্ষণীয় বৈচিত্র্য এবং লেখক ও নাগরিক অধিকার কর্মী জেমস বাল্ডউইনের শেষ নিউ ইয়র্ক সিটির বাড়ি থেকে অ্যাডিরনডেক ফার্ম পর্যন্ত বিস্তৃত যা বিখ্যাত শিল্পী রকওয়েল কেন্টকে উল্লেখ্যযোগ্যভাবে অনুপ্রাণিত করেছিল।

"এই ঐতিহাসিক স্থানগুলি নিউ ইয়র্কের ইতিহাস সম্পর্কিত অসাধারণ ও দারুণ বিষয়গুলিকে ভালোভাবে তুলে ধরে এবং স্টেটের বেশিরভাগ বিশিষ্ট নেতার কিছু উত্তরাধিকারকে সম্মান প্রদর্শন করে", **গভর্নর কুওমো বলেন।** "স্টেট ও ঐতিহাসিক স্থানগুলির ন্যাশনাল রেজিস্টারে ল্যান্ডমার্কগুলি স্থাপন করার মাধ্যমে আমরা এই স্থানগুলিকে নিশ্চিত করার ক্ষেত্রে সহায়তা করছি এবং তাদের তত্ত্বাবধায়কদের কাছে এম্পায়ার স্টেট (Empire State)-কে সবচাইতে ভালোভাবে সংরক্ষণ, উন্নয়ন এবং ত্বরান্বিতকরণের জন্য প্রয়োজনীয় তহবিল রয়েছে।"

স্টেট এবং ন্যাশনাল রেজিস্টারে তালিকাভুক্ত হলে সেটি বিল্ডিংগুলি পুনর্নির্মাণ করতে এবং সেগুলিকে বিভিন্ন সর্বজনীন সংরক্ষণ কর্মসূচি এবং পরিষেবার জন্য যোগ্য করে তোলার ক্ষেত্রে সম্পত্তির মালিকদের সহায়তা করতে পারে যেমন- স্টেটের অনুদানের সাথে মেলানো এবং স্টেট ও ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন ট্যাক্স ক্রেডিটসমূহ। 2013 সালে গভর্নর স্টেটের পুনর্বাসনের ট্যাক্স ক্রেডিট ব্যবহারকে সমর্থন দিতে আইনে স্বাক্ষর করার পর থেকে স্টেট ও ফেডারেল কর্মসূচিগুলি ঐতিহাসিক বাণিজ্যিক সম্পত্তিগুলিতে সম্পূর্ণকৃত বিনিয়োগে উদ্বুদ্ধ করেছে এবং মালিকানাধীন ঐতিহাসিক বাড়িগুলিতে কোটি কোটি ডলারের বিনিয়োগ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের এবং দেশের ইতিহাস, স্থাপত্য, প্রত্নতত্ত্ব এবং সংস্কৃতিতে যে বিল্ডিং, কাঠামো, ডিস্ট্রিক্ট, ল্যান্ডস্কেপ, বস্তু এবং উল্লেখযোগ্য স্থানগুলি রয়েছে তার সরকারি তালিকা হলো স্টেট এবং ন্যাশনাল রেজিস্টার। ঐতিহাসিক স্থানের ন্যাশনাল রেজিস্টারে এককভাবে অথবা ঐতিহাসিক

ডিস্ট্রিক্টের অংশ হিসেবে স্টেটের সর্বত্র 120,000-টিরও বেশি ঐতিহাসিক বিল্ডিং, কাঠামো এবং সাইট তালিকাভুক্ত রয়েছে। স্টেটের কমিউনিটির সম্পত্তির মালিকগণ, মিউনিসিপ্যালিটি ও সংগঠনগুলি মনোনয়নসমূহ স্পন্সর করেছে।

স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ বিষয়ক কর্মকর্তা সুপারিশগুলি অনুমোদন করলে, সম্পত্তিগুলি নিউ ইয়র্ক স্টেট রেজিস্টার অব হিস্টরিক প্লেসেস (New York State Register of Historic Places)-এ তালিকাভুক্ত করা হয় এবং তারপরে ঐতিহাসিক স্থানগুলির ন্যাশনাল রেজিস্টারের জন্য মনোনীত করা হয়, যেখানে তাদের পর্যালোচনা করা হয় এবং একবার অনুমোদিত হলে ন্যাশনাল রেজিস্টারে প্রবেশ করা হয়। মনোনয়নপত্রের আরও তথ্য এবং ছবি অফিস অব পার্কস, রিক্রিয়েশন এবং হিস্টরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation)-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

সাংস্কৃতিক, পর্যটন, পার্ক এবং বিনোদন বিষয়ক কমিটি (Committee on Cultural Affairs, Tourism, Parks and Recreation)-এর সভাপতি সিনেটর জোসে সেরানো বলেন, "আমাদের স্টেটের বৈচিত্র্যময় ঐতিহাসিক সংস্কৃতি উদযাপন করার সময় ঐতিহাসিক সংরক্ষণ পর্যটনকে ত্বরান্বিত করে এবং কর্মসংস্থান তৈরির অর্থনৈতিক চালিকা শক্তি হিসেবে কাজ করে। স্টেট জুড়ে বিস্তৃত কমিউনিটিগুলির পুনরুজ্জীবনকে সহায়তার করার সময় স্টেট ও ন্যাশনাল রেজিস্টারে এই সম্পত্তিগুলির তালিকা তৈরি নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থীদেরকে আমাদের ইতিহাসের জন্য একটি উপলব্ধি প্রদান করে। আমি ভবিষ্যত প্রজন্মের জন্য নিউ ইয়র্কের ইতিহাস সংরক্ষণের প্রতি অঙ্গীকারবদ্ধতার জন্য গভর্নর কুওমো এবং কমিশনার কুলেসেইডকে ধন্যবাদ জানাই।"

পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টরিক প্রিজারভেশন অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation) ভারপ্রাপ্ত কমিশনার এরিক কুলেসেইড বলেন, "এই ঐতিহাসিক স্থাগুলির সংরক্ষণ এবং পুনরুজ্জীবনের মাধ্যমে আমরা স্মার্ট অর্থনৈতিক সমৃদ্ধি, পর্যটন এবং কমিউনিটির গর্বকে উৎসাহিত করতে পারি। স্টেট এবং ন্যাশনাল রেজিস্টারে ঐতিহাসিক স্থানগুলির সম্পত্তির তালিকা তৈরি এটি নিশ্চিত করতে সহায়তা করবে যে তারা নিউ ইয়র্ক স্টেস্টের ভবিষ্যতে অবদান রাখছে।"

ক্যাপিটাল রিজিয়ন

এনক্রামডেল হিস্টরিক ডিস্ট্রিক্ট, এনক্রাম (Ancramdale Historic District, Ancram): 1950-এর দশকের শুরুর দিকে যখন খনন উদ্যোগ প্রাথমিকভাবে সেখানে প্রবর্তিত ছিল এবং সর্বশেষ ভবনগুলি নির্মাণ করা হয়েছিল তখন গ্রাম্য ক্রসরোড হ্যামলেটগুলি একটি মডেস্ট দেশীয় ভবনের সমষ্টির মাধ্যমে বৈশিষ্ট্য প্রাপ্ত হয়েছিল এবং যেটি সমষ্টিগতভাবে 19 শতকের শুরু থেকে এই স্থানীয় উন্নয়ন চিত্রিত করে।

বিগেলো-ফিঞ্চ-ফাউলার ফার্ম, ওয়েস্ট লেবানন (Bigelow-Finch-Fowler Farm, West Lebanon): সম্পত্তির আকর্ষণীয় বস্তুটি হলো একটি সুপ্রশস্ত ca.1830 ইটের বাড়ি যেটি "দ্য সেঞ্চুরি (The Century)" হিসেবে পরিচিত। এটির প্রথম বসতি 18 শতকের শেষ দিকে নিউ ইংল্যান্ডের প্রবর্তক জাবেজ বিগেলো (1726-1808)-এর মাধ্যমে স্থাপিত হয়েছিল যার পরিবারের উপস্থিতি

ওয়েস্ট লেবানন এলাকার জন্য ঐতিহাসিকভাবে বিগেলো ফ্ল্যাটস (Bigelow Flats) বা বিগেলো হোলো (Bigelow Hollow) নামে পরিচিত। ওয়ারেন ফাউলারের মাধ্যমে তার পরবর্তী সংগঠনের জন্য সম্পত্তিটিও গুরুত্বপূর্ণ, যার আঞ্চলিক টেলিগ্রাফ ও টেলিফোন সেবার লক্ষ্য উনিশ শতকের শেষের দিকে নতুন লেবাননে মধ্যে ও আশেপাশের জীবনকে ঢেলে সাজাতে সহায়তা করেছিল

আলেকজান্ডার অ্যাপার্টমেন্ট হোটেল, স্কেনেকটেডি (Alexandra Apartment Hotel, Schenectady): পাঁচ-তলা বিশিষ্ট কুইন অ্যানি-স্টাইল ভবনটি 1900 সালে নির্মিত হয়েছিল এবং প্রাথমিকভাবে যারা জেনারেল ইলেকট্রিক কোম্পানি (General Electric Company)-এর কর্মচারি ছিলেন এবং যাদের শিল্পজাত কাজগুলি ছিল কেবল একটি ট্রলি চালানো তারাই ছিলেন কাঙ্খিত বাসিন্দা। ভবনটি স্কেনেকটেডির অগ্রগতির সাথে সম্পৃক্ত এবং এটি অ্যাপার্টমেন্ট হোটেলের মতো ভবন হিসেবে অনেক গুরুত্বপূর্ণ।

ফিঙ্গার লেকস (Finger Lakes)

দ্য কোডা-ভিস্তা হিস্টরিক ডিস্ট্রিক্ট, গ্রিস (Koda-Vista Historic District, Greece): বিদ্যমান আবাসিক উপশহরের ছিটমহলটি 1920 সালে প্রাথমিকভাবে একটি কোম্পানির অর্থায়িত সঞ্চয় ও ঋণ সহায়তায় ইস্টম্যান কোডাক কোম্পানি (Eastman Kodak Company)-এর কর্মচারীদের মাধ্যমে সর্বপ্রথম প্রতিষ্ঠিত হয়েছিল। ডিস্ট্রিক্টটি 1920 ও 1960 সালের মধ্যে উন্নত তিনটি আলাদা সাবডিভিশন অন্তর্ভুক্ত করে এবং এটি জনপ্রিয় মধ্য-বিত্ত আবাসিক স্থাপত্যের বৃহৎ সংগ্রহের জন্য সুপরিচিত।

দ্য পাওয়ার বিল্ডিং অ্যান্ড হোটেল, রচেস্টার (The Powers Building and Hotel, Rochester): মনোনয়নটি 1881 সালে নির্মিত পাওয়ার হোটেলটি (Powers Hotel)-কে পাওয়ার বিল্ডিংয়ের জন্য ন্যাশনাল রেজিষ্টার তালিকাতে যুক্ত করে যেটি মূলত স্বতন্ত্রভাবে 1973 সালে তালিকাভুক্ত হয়েছিল। এই ভবনগুলি ঐতিহাসিকভাবে পরিপূরক এবং ওয়েস্ট মেইন স্ট্রিট এবং ফোর কর্ণার এলাকার গুরুত্ব প্রতিষ্ঠা ও জোরদারে আন্তঃসংযোগ হিসেবে কাজ করে এবং অফিস ও মিটিংয়ের স্থান, রেস্টুরেন্ট, দর্শনার্থী এবং সেলসম্যানদের জন্য থাকার জায়গা ও সম্মেলনের জন্য স্থানসহ আন্তঃসংযোগ পরিষেবা সরবরাহ করে।

লং আইল্যান্ড (Long Island)

ইস্ট মেরিয়ন মেইন রোড হিস্টরিক ডিস্ট্রিক্ট, সাউথহোল্ড (East Marion Main Road Historic District, Southold): 18 ও 20 শতকের মাঝামাঝি সময়ে লং আইল্যান্ডের নর্থ ফর্কের প্রাথমিক রাস্তা বরাবর হ্যামলেটটি সমৃদ্ধ হয়েছিল যে সময়টাতে ইস্ট মেরিয়ন (East Marion)-এর প্রায় প্রতিটি পরিবারকে মৎস শিকার, কৃষি কাজের জন্য বা উভয় ক্ষেত্রে সহায়তা প্রদান করা হয়েছিল। ডিস্ট্রিক্টটি ইস্ট মেরিয়নে বসতি স্থাপন ও সমৃদ্ধিকে তুলে ধরে এবং গুরুত্বপূর্ণ সময় থেকেই জনপ্রিয় শৈলীগুলি তুলে ধরে নির্মাণকৌশল সংক্রান্ত রিসোর্সের সংগ্রহকে ধারণ করে।

ফ্রেডারিক অ্যান্ড অ্যানি ওয়াগনার রেসিডেন্স অ্যান্ড সেন্ট প্যাট্রিক'স রোমান ক্যাথলিক চার্চ, স্মিথটাউন (Frederick and Annie Wagner Residence and St. Patrick's Roman Catholic Church, Smithtown): এই মনোনয়নটি দুইটি আলাদা ও স্বতন্ত্র গুরুত্বপূর্ণ রিসোর্সকে অন্তর্ভুক্ত করে।

বাড়িটি জাতীয় ও আন্তর্জাতিক অটো রেসিং ফেমের ফ্রেডারিক জে. ওয়াগনারের জন্য 1912 সালে নির্মিত হয়েছিল এবং এটি আমেরিকান আর্টস অ্যান্ড ক্রাফ্টস মুভমেন্ট (American Arts and Crafts Movement)-এর নেতা গুস্তাভ স্টিকলি কর্তৃক এটির নকশার জন্য স্থাপত্যের দিক দিয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ। চার্চটি 1928 থেকে 1929 সালের মধ্যে যে স্থানটিতে নির্মিত হয়েছিল সেটি আনুষ্ঠানিকভাবে ওয়াগনার স্টেটের অংশ ছিল এবং এটি স্থপতি ম্যাকগিল ও হামলিন কর্তৃক টিউডর রিভাইভাল (Tudor Revival) নকশার জন্য গুরুত্বপূর্ণ।

মোহক ভ্যালি (Mohawk Valley)

জেমস এইচ. কেস III এবং লরা রকফেলার কেস হাউজ, ভ্যান হর্নেসভিল (James H. Case III and Laura Rockefeller Case House, Van Hornesville): মধ্য শতাব্দির আধুনিক শৈলীর দারুণ প্রতিনিধিত্বকারী উদাহরণ সামার হাউজ কমপ্লেক্সটি 1962 থেকে 1963 সালে কেসগুলির জন্য নির্মিত হয়েছিল এবং "হাউজ অব দ্য ইয়ার" হিসেবে 1967 সালে *আর্কিটেকচারাল রেকর্ডের* মাধ্যমে স্বীকৃতি লাভ করেছিল। এটি ছিল বিখ্যাত স্থপতি উইলিস এন. মিলস জুনিয়রের প্রথম বড় কোনো কমিশন।

প্যালেটিন ব্রিজ হিস্টরিক ডিস্ট্রিক্ট, প্যালেটিন ব্রিজ (Palatine Bridge Historic District, Palatine Bridge): ঐতিহাসিক ডিস্ট্রিক্টটি দ্বিতীয় বিশ্বযুদ্ধ (World War II) পরবর্তী সমৃদ্ধির চূড়ান্ত দিনগুলি থেকে 18 শতাব্দীর বসতি স্থাপনের সময়কাল পর্যন্ত ওয়েস্ট গ্র্যান্ড স্ট্রিট এবং লাফয়েট স্ট্রিটের দুইটি প্রধান পরিবহন রুট বরাবর নির্মিত 136টি অবদানকারী প্রাথমিক ভবন, একটি পার্ক এবং দুইটি কবরস্থান বেষ্টিত করে রাখে।

ফুলটনভিল হিস্ট্রিক ডিস্ট্রিক্ট, ফুলটনভিল (Fultonville Historic District, Fultonville): ফুলটনভিলের বসতি ও সমৃদ্ধি সরাসরি প্রাকৃতিক ও অপ্রাকৃতিক পরিবহন রুটের সাথে তার অবস্থান সম্পর্কিত, যা 1920 সালে ইরি ক্যানাল নির্মাণের সময় শুরু হয়েছিল এবং 1955 সালে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে চালু হওয়া পর্যন্ত বিস্তৃত ছিল। এই ডিস্ট্রিক্টটি ঐতিহাসিক যুগে কমিউনিটির সমৃদ্ধিকে প্রতিফলিত করে 19 ও 20 শতাব্দীর আবাসিক ও বাণিজ্যিক ভবনগুলির সংগ্রহ ধারন আছে।

মিড-হাডসন ভ্যালি (Mid-Hudson Valley)

হ্যাসব্রুক স্টোন হাউজ, ফলসবার্গ (Hasbrouck Stone House, Fallsburg): বাড়িটি প্রায় 1815 সালে আঞ্চলিক বিশিষ্ট এবং প্রথম বসতি স্থাপনকারী পরিবারের সদস্য Anthony Hasbrouck (1788-1840) এর পরিবারের জন্য নির্মিত হয়েছিল। এই বাড়িতে 1840 সালে সুলিভান কাউন্টির প্রথম এবং সর্বাপেক্ষা কুখ্যাত হত্যা মামলায় হসব্রুককে একজন বিশিষ্ট নাগরিক হিসেবে হত্যা করা হয়। বাড়িটি হলো আঞ্চলিক স্বদেশি স্টোন হাউজ নকশার উল্লেখযোগ্য উদাহরণ।

নিউ ইয়র্ক শহর

জেমস বলডউন রেসিডেন্ট, নিউ ইয়র্ক: আপার ওয়েস্ট সাইড বাড়িটি বিখ্যাত আমেরিকান লেখক এবং নাগরিক অধিকার কর্মী জেমস বাল্ডউইনের সাথে 1965 থেকে 1987 সালে তার জীবনের শেষ সময় পর্যন্ত সম্পৃক্ততার জন্য সাহিত্য ও সামাজিক ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ যখন তিনি এই

বাড়িটি অর্জন করেন এবং তার প্রাথমিক আমেরিকান বাড়ি হিসেবে ব্যবহার করেছিলেন। একজন সমকামী কৃষ্ণাঙ্গ লেখক, নাগরিক অধিকার কর্মী এবং সমাজ বিশ্লেষক হিসেবে Baldwin পরিবর্তিত হয়েছিলেন এবং আমেরিকা ও দেশের বাইরে বর্ণ ও যৌনতার বিষয়ক আলোচনাতে পরিবর্তন আনা অব্যাহত রেখেছিলেন।

ডোরেন্স ব্রুকস স্কোয়ার হিস্ট্রিক ডিস্ট্রিক্ট, নিউ ইয়র্ক সিটি: যখন কৃষ্ণাঙ্গ লেখক, শিল্পী, অভিনেতা, সমাজবিজ্ঞানী, নাগরিক অধিকার কর্মী এবং অন্যান্যরা হার্লেম বিশ্ব স্বীকৃতিলাভের মাধ্যমে অসাধারণ শৈল্পিক ও বুদ্ধিবৃত্তিক ফলাফল প্রদর্শন করেছিল তখন ডিস্ট্রিক্টটি অনেক গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং হার্লেম রেঁনেসা (Harlem Renaissance) (1910 সালের শেষ দিক থেকে 1930 সালের শুরু পর্যন্ত) প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ততার কারণে সামাজিক ও জাতিগত ইতিহাসে চির অমর হয়ে আছে। এছাড়াও এটি সামাজিক ও রাজনৈতিক প্রতিবাদ ও বক্তৃতা এবং তার সমৃদ্ধ বিস্তারিত রোহাউজ স্থাপত্যের জন্য একটি গুরুত্বপূর্ণ সমাবেশের স্থান হিসেবে গুরুত্বপূর্ণ।

ফোর্থ এভিনিউ মেথডিস্ট এপিসকোপল চার্চ, ব্রুকলিন: সানসেট পার্কে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি, অনুমান নির্ভর বাড়ি নির্মাণ এবং নগরীকরণের কারণে চার্চটি 1893 থেকে 1894 সালের মধ্যে নির্মিত হয়েছিল। চার্চটি সম্পূর্ণ হওয়ার সময় 300 জনেরও বেশি সদস্য ছিল এবং 20 শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যেই সেটি প্রায় 3,000 এ পৌঁছেছিল। এটি অ্যাকরন প্ল্যান কম্বিনেশন চার্চের একটি উল্লেখযোগ্য উদাহরণ যা নকশা ফর্মের বিশিষ্ট স্থপতি George W. Kramer দ্বারা নকশা করা হয়েছিল।

32তম প্রিসিঙ্কট স্টেশন হাউজ কমপ্লেক্স (পরবর্তীতে 40তম প্রিসিঙ্কট এবং 30তম প্রিসিঙ্কট হিসেবে পরিচিত), নিউ ইয়র্ক: 1871 সাল থেকে 1872 সালে নির্মিত ফরাসি দ্বিতীয় এম্পায়ার স্টেশন হাউজটি সিটির সুন্দরভাবে গড়ে ওঠা এবং সুপরিকল্পিতভাবে নির্মাণের ক্রমবর্ধমান বিনিয়োগ তুলে ধরে এবং সুসজ্জিত পুলিশ স্টেশনটি সিটি গভার্নমেন্টের ক্ষমতা ও গুরুত্বের প্রতিনিধিত্ব করে আশেপাশের এলাকাতে একটি দারুণ নাগরিক ফোকাস প্রদানের সময় পুলিশ স্টেশন এলাকার পুলিশ অফিসারদের চাহিদা পূরণ করতো।

নর্থ কান্ট্রি (North Country)

আসগার্ড ফার্ম, অউ স্যাবল ফর্ক (Asgaard Farm, Au Sable Forks): অ্যাডিরনডেক ফার্মটি 1920 সালের শেষের দিক থেকে 1971 সালে তার মৃত্যুর পূর্ব পর্যন্ত 20 শতকের বিখ্যাত শিল্পী রকওয়েল কেন্টের বাড়ি, স্টুডিও এবং কর্মক্ষেত্র ছিল এবং এটির বিভিন্ন বৈশিষ্ট্য ও এটির সাধারণ পরিবেশগুলি কেন্ট কর্তৃক প্রচুর উল্লেখ্যযোগ্য পেইন্টিংয়ে চিত্রিত। এছাড়াও ফার্মটিতে নিজস্ব নকশার মার্কারসহ শিল্পীর কবরস্থান রয়েছে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York)

স্যাক্রেড হার্ট রোমান ক্যাথলিক চার্চ কমপ্লেক্স, নায়াগ্রা জলপ্রপাত (Sacred Heart Roman Catholic Church Complex, Niagara Falls): 1889 সালে নির্মিত গোথিক রিভাইভাল (Gothic Revival) চার্চটিতে অনর্ভুক্ত রয়েছে 1960 সালের সংস্করণসহ 1900 সালের রেনেসাঁ-স্টাইলের স্কুল

বিল্ডিং, 1907 সালের কনভেন্ট এবং 1910 সালের রেক্টরি - যা 70 বছরের বেশি প্যারিশের সমৃদ্ধির পবিত্র ইতিহাস তুলে ধরে।

ডেলাওয়্যার অ্যাভিনিউ মেডিকেল সেন্টার, বাফেলো (Delaware Avenue Medical Center, Buffalo): 1958 সালে এটি চালু হওয়ার সময় "দেশের অন্যতম সেরা আধুনিক মেডিকেল সেন্টার" হিসেবে পরিচিত ছিল - একটি পরিবারের স্বাস্থ্য পরিচর্যার সকল চাহিদাগুলিকে সফলভাবে পূরণ করে এমন একটি "ওয়ান-স্টপ শপিং অ্যাপোচ" সুবিধা প্রদান করতো। এটি বাফেলোতে আন্তর্জাতিক মানের মধ্য-শতাব্দীর মেডিকেল অফিস ভবনের উল্লেখযোগ্য উদাহরণ।

###